দৈনিক সংবাদ

18

তারিখ 12 FEB 1990
পৃষ্ঠা ... কলাম ...

# কুমিল্লায় ৭৬ হাজার ছাত্রের হাতে এখনো বই পৌঁছেনি

॥ নূরুর রহমান ॥

কুমিল্লা, ১০ই ফেব্রুয়ারী।--- শিক্ষাবর্ষের ১ মাসেরও বেশী সময় চলে গেছে, কিন্তু কুমিল্লা জেলার ৭৬ হাজার ২৯৩টি শিশু বিনামূল্যে পাঠ্যপুস্তক পায়নি। জেলার ১২টি উপজেলায় মোট ৫ লাখ ৫৮ হাজার ১১৫ সেট পাঠ্যপুস্তক প্রয়োজন। সেখানে বরাদ্দ দেয়া হয়েছে ৪ লাখ ৮১ হাজার ৮২২ সেট। একমাত্র হোমনা উপজেলা ছাড়া আর কোন উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্রছাত্রী তাদের পাঠ্যপুস্তকের সবগুলি পায়নি।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে প্রাপ্ত তথ্যানুযায়ী: সদর উপজেলায় মোট পাঠ্যপুস্তকের চাহিদা হচ্ছে ৮৪ হাজার ২৭২ সেট। সেখানে সরবরাহ করা হয়েছে ৬২ হাজার ৬৭৫ সেট। নাঙ্গলকোট উপজেলায় সরবরাহ করা হয়েছে ৩১ হাজার ৮শ' সেট বই। প্রয়োজন ৩৫ হাজার ৩২ সেট। ব্রাহ্মণপাড়া উপজেলায় ১৮ হাজার ২৫১ জন ছাত্রছাত্রীর জন্য ১৭ হাজার ৫শ' সেট বই বরাদ্দ করা হয়েছে। বুড়িচং উপজেলায় ৩২ হাজার ২শ' সেট বই সরবরাহ করা হয়েছে। বুড়িচংয়ে প্রয়োজন ৩৩ হাজার ৭শ সেট বইয়ের। চান্দিনা উপজেলায় ৩০ হাজার ৫৫০ জন ছাত্রছাত্রীর মধ্যে মাত্র ২৭ হাজার পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। মুরাদনগর উপজেলায় মোট পাঠ্যপুস্তকের চাহিদা হচ্ছে ৫৯ হাজার ৫৯৪ সেট। এই উপজেলায় সরবরাহ করা হয়েছে ৫১ হাজার ৭৩২ সেট। বরুড়া উপজেলায় মোট চাহিদা হচ্ছে ৪৭ হাজার সেট। এ ক্ষেত্রে সরবরাহ করা হয়েছে ৩৬ হাজার সেট। চৌদ্দগ্রাম উপজেলায় চাহিদা হচ্ছে ৫৯ হাজার ২৭০ সেট। বিতরণ করা হয়েছে ৪৯ হাজার ৩৫০ সেট। দাউদকান্দি উপজেলায় প্রয়োজন ৬০ হাজার ৫৫০ সেট। এই উপজেলায় সরবরাহ করা হয়েছে ৫৩ হাজার সেট। দেবীদ্বার উপজেলায় ৪৯ হাজার ৯শ' ৬ জন ছাত্রছাত্রীর মধ্যে ৪১ হাজার ৫৫০ সেট বই বিতরণ করা হয়েছে। লাকসাম উপজেলায় বই না পাওয়া ছাত্রছাত্রীর সংখ্যা হচ্ছে ৯৭৫।

জেলা প্রাথমিক শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, ঢাকা থেকেই প্রয়োজনের তুলনায় কম বই সরবরাহ করা হয়েছে। ফলে এই সংখ্যক ছাত্রছাত্রীর মধ্যে এখনো বই বিতরণ করা হয়নি। আরো বই সরবরাহ করার জন্য ঢাকায় চিঠি পাঠানো হয়েছে।